দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 24 APR 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...



# শিক্ষক হওয়ার স্বপ্নে এগিয়ে চলেছে প্রতিবন্ধী সেলিনা

■ আবু লায়েছ লাবলু, মেহেরপুর প্রতিনিধি

সেলিনার স্বপ্ন সে একদিন অনেক বড় হবে, লেখাপড়া শিখে শিক্ষক হবে। জন্ম থেকেই সে শারীরিক প্রতিবন্ধী। শারীরিক প্রতিবন্ধী হয়েও সে সকল বাধা অতিক্রম করে বিদ্যালয়ে নিয়মিত আসছে। মেহেরপুর সদর উপজেলার আমঝুপি কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ ও মানব উন্নয়ন কেন্দ্র মউক তার বিদ্যালয়ে আশার স্বপ্নকে জাগিয়ে তুলেছে। সে এখন নিয়মিত হুইলচেয়ারে বিদ্যালয়ে যাচ্ছে।

সদর উপজেলার দফরপুর গ্রামে এক অসহায় পরিবারের মেয়ে সেলিনা। তার বাবার নাম সেলিম আলী ও মা মিনুয়ারা খাতুন। সেলিনা জন্ম থেকেই শারীরিক প্রতিবন্ধী। তার দুই পায়ের হাঁটু পর্যন্ত শেষ। তাই হাঁটুতে ভর দিয়ে কোনোভাবে তাকে চলাফেরা করতে হয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাদ আহাম্মদ তাকে ২০১১ সালে প্রথম শ্রেণিতে বিদ্যালয়ে ভর্তি করে। ২০১৬ সালে সে পঞ্চম শ্রেণিতে উত্তীর্ণ হয়। বিদ্যালয়ে প্রতিবন্ধীদের পাঠদানের জন্য আলাদা কোনো ব্যবস্থা না থাকা এবং তার শারীরিক অবস্থা দিন দিন ভারি হয়ে পড়ায় নানা প্রতিবন্ধকতার কারণে পঞ্চম শ্রেণিতে উত্তীর্ণ হয়েও বিদ্যালয়ে আসতে চাচ্ছিল না। বিদ্যালয়ের মা সমাবেশের মাধ্যমে আমঝুপি কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সদস্য আব্দুর রকিব, মহিউদ্দীন আহম্মদ ও মো. শহিদুল্লাহ ঘটনাটি জানার পর সেলিনার বাড়িতে যান। এরপর ওয়াচ গ্রুপের পক্ষ থেকে তাকে বিভিন্ন শিক্ষা উপকরণ বিশেষ করে খাতা, কলম ও একটি ব্যাগ দেয়। পরে বিষয়টি ওয়াচ গ্রুপ জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা একেএম তৌফিকুজ্জামানকে অবহিত করলে তিনি তার জন্য একটি হুইলচেয়ার বরাদ্দ দেন। এদিকে প্রধান শিক্ষক সমাজসেবা অফিসের সঙ্গে সমন্বয় করে মাসিক প্রতিবন্ধী ভাতার ব্যবস্থা করেছেন।